গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিভিশন
সদর দপ্তর
রামপুরা, ঢাকা-১২১৯।
www.btv.gov.bd

# বাংলাদেশ টেলিভিশনে ২০১৯-২০২০ অর্থ বছরে গৃহীত উদ্ভাবনী উদ্যোগের তালিকা

## ০১। স্টোর ম্যানেজমেন্ট ডাটাবেজ সফটওয়্যার চালু:

উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নের অংশ হিসেবে বাংলাদেশ টেলিভিশনে স্টোর ম্যানেজমেন্ট ডাটাবেজ সফটওয়্যার চালুর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বিটিভির সমস্ত কেন্দ্র/উপকেন্দ্রের স্টোরগুলো একটি নেটওয়ার্কের আওতায় এনে ডাটাবেজ করা হলে সকল স্টোরের মালামাল সম্পর্কিত তথ্য হার্ড কপির মাধ্যমে প্রধান কার্যালয় প্রেরণের প্রয়োজন হবেনা। স্টোর ম্যানেজমেন্ট সফটওয়্যার চালু করা সম্ভব হলে কোন যন্ত্রাংশ বা মালামাল মজুদ আছে কিনা তা যাচাই করার জন্য সার্ভারে সংরক্ষিত ডাটাবেজ থেকে সহজে জানা যাবে।

## ০২। অনলাইনে শিল্পী সম্মানী প্রদান:

বিটিভির বিদ্যমান সেবাসমূহকে আধুনিক ও যুগোপযোগী করার অংশ হিসেবে অনলাইন আর্টিস্ট পেমেন্ট সফটওয়্যার চালুর উদ্যোগ নেয়া হয়েছে। তালিকাভুক্ত শিল্পীদের সম্মানী প্রদানে অনলাইন আর্টিস্ট পেমেন্ট সফটওয়্যার শিল্পীদের সম্মানী প্রদানে সময় ও বিড়ম্বনা হ্রাসসহ সেবার মান বৃদ্ধি করবে। অনলাইন আর্টিষ্ট ম্যানেজমেন্ট সিস্টেম চালুর লক্ষ্যে অর্থমন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে সোনালী ব্যাংকের সাথে জুন/২০১৯ মাসের মধ্যে একটি চুক্তি স্বাক্ষর করা হবে। সকল আনুষ্ঠানিকতা সম্পন্ন করে অচিরেই শিল্পী/কলাকুশলীদের সম্মানী অনলাইন ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে প্রদানের কার্যক্রম গ্রহণ করা হবে।

## ০৩। বিটিভি নিউজ আর্কাইভ :

বাংলাদেশ টেলিভিশন জন্ম লগ্ন থেকেই নানাবিদ গুরুত্বপূর্ণ কার্যক্রমের সাথে সরাসরি সম্পৃক্ত। বিটিভিতে সরকারের বিভিন্ন বৈদেশিক চুক্তিসহ উন্নয়নমূলক কার্যক্রমের চিত্র প্রচার করা হয়। বিটিভি'র প্রচারিত সংবাদ বুলেটিনগুলো দর্শক শ্রোতার দেখার সুযোগসহ সহজে প্রাপ্তির সুবিধার লক্ষ্যে সফটকপি সংরক্ষণ করা প্রয়োজন। এরই ধারাবাহিকতায় বাংলাদেশ টেলিভিশনের গুরুত্বপূর্ণ সংবাদ/ভিডিও ফুটেজ সংগ্রহের লক্ষ্যে বিটিভি নিউজ আর্কাইভ চালুর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। তারই অংশ হিসেবে প্রত্যেকটি সংবাদ বুলেটিন প্রচার হওয়ার এক ঘন্টার মধ্যে এর সফটকপি ফেসবুক/ইউটিউবে আপলোড করা হবে। বর্ণিত চ্যানেলে চাহিত সংবাদের দিন, তারিখ ও প্রচার সময় লিখে সার্চ দিলেই তা পাওয়া যাবে। এতে একদিকে যেমন দর্শক বিটিভির পুরনো সংবাদ দেখার সুযোগ পাবে তেমনি বিটিভির সংবাদ বুলেটিনগুলো সংরক্ষণের সুযোগ তৈরি হবে।

## ০৪। ডিজিটাল ফটো ডিসপ্লে :

আধুনিক ও যুগোপযোগী উদ্ভাবনী কার্যক্রমের অংশ হিসেবে বাংলাদেশ টেলিভিশনের বিভিন্ন উল্লেখযোগ্য চিত্র প্রদর্শনের লক্ষ্যে ঢাকা কেন্দ্রের নিচতলায় লবিতে ডিজিটাল ফটো ডিসপ্লে চালুর উদ্যোগ নেয়া হবে। বিটিভিতে প্রচারিত সরকারের বিভিন্ন উন্নয়নমুলক কর্মকান্ডের চিত্র, বিশিষ্ট শিল্পী/কলাকুশলীদের অনুষ্ঠানে অংশগ্রহণের চিত্রসহ উল্লেখযোগ্য স্থির চিত্রগুলো এখানে প্রদর্শন করা হয়ে থাকে। ফলে বিটিভির উল্লেখযোগ্য স্থির চিত্রগুলো প্রিন্ট ছাড়াই একই সাথে অনেকগুলো ছবি স্লাইডশোর মাধ্যমে প্রদর্শন করা সম্ভব হবে। এর ফলে বিটিভির স্থির চিত্রগুলো প্রিন্ট করার প্রয়োজন হবে না এবং একসাথে ছবিগুলো সংরক্ষণ করা সম্ভব হবে।

## ছক-১

## ডিজিটাল সেবা তৈরীর তালিকা

| ক্রমিক নং | উদ্ভাবনের নাম | উদ্ভাবনের সংক্ষিপ্ত বিবরণ | উদ্ভাবন গ্রহণের যৌক্তিকতা |
|---|---|---|---|
| ০১. | স্টোর ম্যানেজমেন্ট ডাটাবেজ সফটওয়্যার চালু: | উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নের অংশ হিসেবে বাংলাদেশ টেলিভিশনে স্টোর ম্যানেজমেন্ট ডাটাবেজ সফটওয়্যার চালুর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বিটিভির সমস্ত কেন্দ্র/উপকেন্দ্রের স্টোরগুলো একটি নেটওয়ার্কের আওতায় এনে ডাটাবেজ করা হলে সকল স্টোরের মালামাল সম্পর্কিত তথ্য হার্ড কপির মাধ্যমে প্রধান কার্যালয় প্রেরণের প্রয়োজন হবেনা। স্টোর ম্যানেজমেন্ট সফটওয়্যার চালু করা সম্ভব হলে কোন যন্ত্রাংশ বা মালামাল মজুদ আছে কিনা তা যাচাই করার জন্য সার্ভারে সংরক্ষিত ডাটাবেজ থেকে সহজে জানা যাবে। | স্টোর ম্যানেজমেন্ট সফটওয়্যার চালু করা সম্ভব হলে অনলাইনে পর্যবেক্ষণ করত: প্রয়োজনীয় পরামর্শ ও সহায়তা প্রদান দ্রুততার সাথে নিষ্পন্ন করা সম্ভব ও স্টোর ইনভেন্টরিসহ যন্ত্রাংশ মেরামত/সংযোজন সহজতর হয়। এছাড়া অন্যান্য কেন্দ্র/উপকেন্দ্রগুলো প্রধান কার্যালয়ের সংরক্ষিত মালামাল সর্ম্পকে অবহিত হতে পারবে এবং সে মোতাবেক চাহিদা প্রেরণ করবে। |
| ০২. | সফটওয়্যারের মাধ্যমে শিল্পী সম্মানী প্রদান | বিটিভির বিদ্যমান সেবাসমূহকে আধুনিক ও যুগোপযোগী করার অংশ হিসেবে আর্টিস্ট পেমেন্ট সফটওয়্যার চালুর উদ্যোগ নেয়া হয়েছে। তালিকাভুক্ত শিল্পীদের সম্মানী প্রদানে অনলাইন আর্টিস্ট পেমেন্ট সফটওয়্যার শিল্পীদের সম্মানী প্রদানে সময় ও বিড়ম্বনা হ্রাসসহ সেবার মান বৃদ্ধি করবে। অনলাইন আর্টিষ্ট ম্যানেজমেন্ট সিস্টেম চালুর লক্ষ্যে অর্থমন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে সোনালী ব্যাংকের সাথে সেপ্টেম্বর/২০১৯ মাসের মধ্যে একটি চুক্তি স্বাক্ষর করা হবে। সকল আনুষ্ঠানিকতা সম্পন্ন করে অচিরেই শিল্পী/কলাকুশলীদের সম্মানী অনলাইন ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে প্রদানের কার্যক্রম গ্রহণ করা হবে। | বিটিভির তালিকাভুক্ত শিল্পীদের সম্মানী প্রদান করা হয় চেকের মাধ্যমে (ডাক মারফত) যা ধীরগতি ও সময়সাপেক্ষ এবং সম্মানী প্রাপ্তির জন্য শিল্পীদের একাধিক বার বিটিভিতে আসার প্রয়োজন হয়। যার ফলে শিল্পীদের নানামুখী বিড়ম্বনার শিকার হতে হয়। সেজন্য শিল্পী সম্মানী অনলাইন ব্যাংকিং ব্যবহার মাধ্যমে প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। |
| ০৩. | ডিজিটাল ফটো ডিসপ্লে | আধুনিক ও যুগোপযোগী উদ্ভাবনী কার্যক্রমের অংশ হিসেবে বাংলাদেশ টেলিভিশনের বিভিন্ন উল্লেখযোগ্য চিত্র প্রদর্শনের লক্ষ্যে ঢাকা কেন্দ্রের নিচতলায় লবিতে ডিজিটাল ফটো ডিসপ্লে চালুর উদ্যোগ নেয়া হবে । বিটিভিতে প্রচারিত সরকারের বিভিন্ন উন্নয়নমুলক কর্মকান্ডের চিত্র, বিশিষ্ট শিল্পী/কলাকুশলীদের অনুষ্ঠানে অংশগ্রহণের চিত্রসহ উল্লেখযোগ্য স্থির চিত্রগুলো এখানে প্রদর্শন করা হয়ে থাকে। ফলে বিটিভির উল্লেখযোগ্য স্থির চিত্রগুলো প্রিন্ট ছাড়াই একই সাথে অনেকগুলো ছবি স্লাইডশোর মাধ্যমে প্রদর্শন করা সম্ভব হবে । এর ফলে বিটিভির স্থির চিত্রগুলো প্রিন্ট করার প্রয়োজন হবে না এবং একসাথে ছবিগুলো সংরক্ষণ করা সম্ভব হবে। | বাংলাদেশ টেলিভিশনে নিয়মিত বিশিষ্ট শিল্পী/কলাকুশলী/ব্যক্তিবর্গের সমন্বয়ে নানারকম অনুষ্ঠান তৈরি হয়ে থাকে। এসব শিল্পী/কলাকুশলী/ব্যক্তিবর্গের অংশগ্রহণে প্রচারিত অনুষ্ঠানের ভিডিও ফুটেজ ও স্থির চিত্র বিটিভিতে সংরক্ষণ করা হয়ে থাকে। এছাড়া, বিটিভিতে প্রচারিত সরকারের বিভিন্ন উন্নয়নমুলক কর্মকান্ডের চিত্র, বিশিষ্ট শিল্পী/কলাকুশলীদের অনুষ্ঠানে অংশগ্রহণের চিত্রসহ উল্লেখযোগ্য স্থির চিত্রগুলো এখানে প্রদর্শন করার লক্ষ্যে ডিজিটাল ফটো ডিসপ্লে চালুর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বিটিভির উল্লেখযোগ্য স্থির চিত্রগুলো প্রিন্ট ছাড়াই ছবি স্লাইডশোর মাধ্যমে প্রদর্শন করা সম্ভব । |

ছক-২

## নাগরিক সেবা পদ্ধতি সহজিকরণের তালিকা

| ক্রমিক নং- | সেবার নাম | সেবার সংক্ষিপ্ত বিবরণ | সহজিকরণের ফলাফল |
|---|---|---|---|
| ০১. | বিটিভির মোবাইল অ্যাপ চালু | বাংলাদেশ টেলিভিনের অনুষ্ঠানসমূহ সরাসরি ঢাকা কেন্দ্রে থেকে ১৪টি কেন্দ্র/উপকেন্দ্রের মাধ্যমে টেরেস্ট্রিয়াল সম্প্রচার করা হয়ে থাকে। বর্তমানে বিটিভির অনুষ্ঠান সংবাদ দর্শকদের নিকট সহজে পৌছে দিতে সমসাময়িক প্রযুক্তি হিসেবে মোবাইল অ্যাপস চালুর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | বিটিভির দর্শকগণ তাঁদের নিজস্ব মোবাইলের অ্যাপসটি ইনস্টলের মাধ্যমে বিটিভির সংবাদ, অনুষ্ঠান/খেলাধুলা দেখার সুযোগ পাচ্ছে। এছাড়া জনগুরুত্বপূর্ণ বিষয় অ্যাপ এর মাধ্যমে প্রচারের ফলে বিটিভির অনুষ্ঠান/সংবাদের দর্শকপ্রিয়তা আরো বৃদ্ধি পাবে। |
| ০২. | বিটিভির বেলা দুইটার সংবাদ ফেসবুকে সরাসরি সম্প্রচার | বাংলাদেশ টেলিভিশনের বেলা ০২:০০টার সংবাদ ইতোমধ্যে সকল বেসরকারি টিভি চ্যানেল প্রচার করা হচ্ছে। বর্তমানে টিভি চ্যানেলের পাশাপাশি দর্শকগণ সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের প্রতি বেশি আসক্ত। ফলে বিটিভির সংবাদ দর্শকদের নিকট সহজে পৌছে দিতে সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচারের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | বিটিভির বেলা দুইটার সংবাদ ফেসবুকে সরাসরি সম্প্রচারের ফলে টেলিভিশনের পাশাপাশি মোবাইল ব্যবহারকারী দর্শকগণ নিজস্ব মোবাইলের মাধ্যমে ফেসবুকে বিটিভির দু'টার সংবাদ দেখার সুযোগ পাবে। ফলে বিটিভির সংবাদ দর্শকদের দৌড়গোড়ায় সহজে পৌছে দেয়া সম্ভব। |
| ০৩. | Under vehicle Scanner (Using Boom barrier) প্রচলন। | বাংলাদেশ টেলিভিশন একটি কেপিআই গ্রেড-১ প্রতিষ্ঠান । শতভাগ নিরাপত্তা নিশ্চিতকল্পে বিটিভিতে আগত দর্শনার্থী ও কলাকুশলীদের গাড়িসহ সকল গাড়ি নিয়মিতভাবে তল্লাশী করা হয়। বর্তমান নিরাপত্তা ব্যবস্থাকে আরো আধুনিক ও যুগোপযোগী করার লক্ষ্যে ম্যানুয়াল পদ্ধতির Mirror এর পরিবর্তে Under vehicle Scanner (Using Boom barrier) চালুর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। Mirror পদ্ধতিতে একজন নিরাপত্তা প্রহরীকে গাড়ীর চর্তুদিকে ঘুরে Mirror দিয়ে নিরাপত্তা তল্লাশী করতে হয় বিধায় অধিক সময়ের প্রয়োজন হয়। এছাড়া, ১০০% নিরাপত্তা নিশ্চিত করা সম্ভব হয়না। | স্থায়ীভাবে সংস্থাপিত Under vehicle Scanner (Using Boom barrier) পদ্ধতির মাধ্যমে বাংলাদেশ টেলিভিশনে প্রবেশকৃত সকল গাড়ির নিরাপত্তা তল্লাশী আধুনিক পদ্ধতিতে স্বল্প সময়ে ত্রুটিপূর্ণ নিরাপত্তা নিশ্চিত করা সম্ভব হবে । |